দৈনিক ইত্তেফাক

তারিখ 05 NOV 1993
পৃষ্ঠা ৩ কলাম ৫

# 'শিক্ষা প্রতিষ্ঠানকে অস্ত্রাগার বানানোর দায় সরকারকে বহন করিতে হইবে'

জাতীয় পার্টির অন্যতম ভাইস চেয়ারম্যান মাহবুবুল হক দুলন বলিয়াছেন, দেশের শিক্ষাঙ্গনসমূহকে অস্ত্রাগার বানানোর যাবতীয় দায়দায়িত্ব বিএনপি সরকারকেই বহন করিতে হইবে। এই সরকারের মন্ত্রীরাই ছাত্রদের হাতে অস্ত্র তুলিয়া দিয়া তাহাদের সন্ত্রাসী বানাইবার কথা স্বীকার করিয়াছেন। সন্ত্রাসের উৎসমুখে সর্বোচ্চ ক্ষমতাবান নেতা নেত্রীরা রহিয়াছেন বলিয়াই শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করা সম্ভব নয়।

নরসিংদীর খইলার বাজারে গত বুধবার জাতীয় পার্টি আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে মাহবুবুল হক দুলন আরও

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠানকে

(৩য় পৃঃ পর)

বলেন, যাহারা একদিন বিএনপিকে সাথে নিয়া সরকার পরিবর্তনের আন্দোলনে নামিয়াছিল আজ তাহাদের মোহভঙ্গ ঘটিয়াছে। ১০ই নভেম্বর হইতে এই সরকারের বিরুদ্ধে আন্দোলনের চূড়ান্ত কর্মসূচী দেওয়া হইবে।

সভায় আরও বক্তব্য রাখেন এডভোকেট মোস্তফা কামাল বেবী, আবদুল আজিজ চৌধুরী, মোহাম্মদ সেলিম, দেলোয়ার হোসেন ও সভার সভাপতি সুরুজ মিয়া। —প্রেস বিজ্ঞপ্তি